

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক প্রেরিত ২০১৮-২০১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ২য় কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: কামাল উদ্দিন তালুকদার।  
তারিখ : ০৯/০১/২০১৯ ইং।  
সময় : বিকাল ২.৩০ ঘটিকা।  
সভার স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি পরিশিষ্ট-‘ক’-তে।


পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এ বিভাগের সভাকক্ষে (ভবন নং-৭, কক্ষ নং-৬৩৩, ৭ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।) পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর ২য় কোয়ার্টার এর জাতীয় শুদ্ধাচার কৌশল অগ্রগতি ত্রৈমাসিক সভা গত ০৯/০১/২০১৯ তারিখে সকাল ২.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা ‘পরিশিষ্ট-ক’-তে দ্রষ্টব্য। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের NIS-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

**আলোচনা :**

NIS-এর টিম প্রধান জনাব মো: আফজাল হোসেন, অতিরিক্ত সচিব-এ বিভাগের দপ্তর/সংস্থার ২০১৮-১৯ অর্থবছরের পরিবীক্ষন ছক মোতাবেক ২য় কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০১৮-১৯ NIS-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। বিভিন্ন দপ্তর/সংস্থার বেশ কিছু সূচকের ক্ষেত্রে ২য় কোয়ার্টার পর্যন্ত আনুপাতিক অর্জন সন্তোষজনক না হওয়ায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। তিনি NIS-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদানসহ প্রয়োজনবোধে দপ্তর/সংস্থাসমূহের NIS-এর সংশ্লিষ্টদেরকে প্রশিক্ষণ প্রদানের উপর গুরুত্বারোপ করেন। সকল দপ্তর/সংস্থা হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্যও পরামর্শ প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :-

- ১) শাখা পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করতে হবে।
- ২) প্রতি কোয়ার্টারে অন্তত: ১টি করে ভিডিও কনফারেন্স-এর আয়োজন করতে হবে।
- ৩) ই-টেন্ডার কার্যক্রম পরিচালনা করতে হবে।
- ৪) জরুরী পত্রাদি/নোটিশ প্রেরণের ক্ষেত্রে ই-মেইল ও এস এম এস-এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবগত করতে হবে।

- ৫) ২০১৮-১৯ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় যে সকল দপ্তর/সংস্থা ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণে ব্যর্থ হয়েছে তাদেরকে ২য় কোয়ার্টারের ঘাটতিসহ ৩য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা পূরণ করতে হবে।
  - ৬) সকল শাখা প্রধান তাদের স্ব-স্ব শাখার শুদ্ধাচারের উপর কার্যক্রম বাস্তবায়নের জন্য যথাযথ মনিটরিং-এর ব্যবস্থা গ্রহণ করবেন।
  - ৭) এ বিভাগের সিটিজেন চার্টার অনুযায়ী ১০০% সেবা নিশ্চিত করতে হবে।
  - ৮) সেবা প্রদানের ক্ষেত্রে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারীকে ১০০% ভাগ সততা ও নিষ্ঠার পরিচয় দিতে হবে।
  - ৯) পরবর্তী কোয়ার্টারে পূর্বের ঘাটতিসহ ৩য় ত্রৈমাসিক পর্যন্ত সম্পূর্ণ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে।
  - ১০) শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার আলোকে সংশ্লিষ্ট সকলকে কর্মপরিবেশের উন্নয়ন ও সেবার মান বৃদ্ধির জন্য নূতন নূতন উদ্যোগ ও কার্যক্রম গ্রহণ করতে হবে।
- ০২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মো: কামাল উদ্দিন তালুকদার)  
সচিব  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।